

বিগত পাখি

এদিকে অনেক গাছ ছিল,
বাঢ়ির পর বাঢ়ি ওঠার ফলে কাটা পড়েছে।
ছাদনাতলার মতো পাখিদেরও
গাছতলা না হলে বিয়ে হয় না।

এবার বসন্ত এল
আর ছেলে মেয়ে পাখিগুলো
অবিবাহিত থেকে পাগলা হয়ে গেল।
কঙ্গনায় ঘন অরণ্যের মরীচিকা দেশে
ওরা পাগলের মতো ওড়ে - এ ওর গা ফুঁড়ে
ছায়ার মতো চলে যায়।

পাখিহীন পৃথিবীর রঙিন বোরিআলিসের ওপারে
হিম সাদা চাঁদ আর তপ্ত কমলা রঙের সূর্য
আদি ডিমের স্মৃতির মতো উদয় হয় আর অস্ত যায়।

মনীন্দ্র গুপ্ত

